

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
সিপিটিইউ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.৯৩৭.১৭-১১৭

তারিখঃ ১৩/০৮/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ দরপত্রে চাহিত যোগ্যতার বিপরীতে দরদাতা মেসার্স ইলেক্ট্রো প্রসেস (প্রাঃ) লিঃ এর দাখিলকৃত ডকুমেন্টের উপর মতামত প্রদান।

সূত্রঃ ৩০.৩১.২৬০০.১৮৬.০৭.৫৩২.১৭/৬৫; তারিখঃ ৩১/০৭/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আদর্শ দরপত্র দলিল PG-3 এর TDS 14.1(b) Clause-এ Specific experience এর শর্ত পূরণকল্পে নিম্নলিখিত সংস্থান রয়েছেঃ

“The minimum specific experience as supplier in supply of similar Goods of at least [state number] contract(s) successfully completed within the last [state number], each with a value of at least Tk. [state amount]”


০২। উপরে বর্ণিত Supplier তথা সরবরাহকারীর সজ্জা পিপিআর, ২০০৮ এর বিধি-২(৫২) তে দেয়া হয়েছে যা নিম্নরূপঃ

বিধি-২(৫২): “সরবরাহকারী” অর্থ আইনের অধীন পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের উদ্দেশ্যে ক্রয়কারীর সহিত চুক্তিসম্পাদনকারী ব্যক্তি।

০৩। উপর্যুক্ত বর্ণনা মতে দরপত্রে অংশগ্রহণ করে কৃতকার্য হয়ে ক্রয়কারীর সঙ্গে চুক্তি সম্পাদনপূর্বক পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহকারী ব্যক্তিই ক্রয় আইন ও বিধির সংস্থান অনুযায়ী Supplier তথা সরবরাহকারী হিসেবে বিবেচিত হবেন এবং এরূপ সরবরাহকারীর অনুকূলে ক্রয়কারী কর্তৃক ইস্যুকৃত অভিজ্ঞতার সনদ মূল্যায়নে বিবেচিত হবে। অর্থাৎ একজন ব্যক্তি/ব্যবসায়িক প্রতিষ্ঠান উৎপাদক আমদানীকারক, পরিবেশক/ডিলার বা পাইকারী বিক্রেতা যাই হোক না কেন, বিধি-২(৫২) এর শর্ত পূরণ করা না হলে সরবরাহকারী বা Supplier হিসেবে তাকে প্রদত্ত অভিজ্ঞতার সনদ গ্রহণ করার কোন সুযোগ নেই।

০৪। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ’ল।

সদস্য (পরিঃ/পরিঃ) ও সভাপতি, দরপত্র মূল্যায়ন কমিটি
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর
সিভিল এভিয়েশন অথরিটি, কুর্মিটোলা, ঢাকা।


মোসাম্মা মৌসুমী হাবিব
উপ-পরিচালক
ফোন- ৯১৪৪২৫২/২০৩

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ভিত্তিতে নহেঃ

- ১) চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা।
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) অফিস কপি।